## ★★ পাঠ-১ ও ২ বাংলাদেশের বিভিন্ন ক্ষুদ্র জাতিসত্তার ভৌগোলিক অবস্থান ও চাকমা | Text পৃষ্ঠা-৯২ ও ৯৩

১. বাংলাদেশের ক্ষুদ্র জাতিসত্তার প্রধান একটি অংশ বাস করে দক্ষিণ পূর্বাংশের কোন জেলায়? ★ (জ্ঞান) *[জে ডি গভঃ গার্লস হাইস্কুল, কিশোরগঞ্জ; আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা]*
ক কুমিল্লা খ বান্দরবান
গ কক্সবাজার ঘ চট্টগ্রাম — খ

২. বাংলাদেশে বাঙালিদের পাশাপাশি সুদীর্ঘকাল থেকে কারা বসবাস করে আসছে? (জ্ঞান)
ক ইংরেজ জনগোষ্ঠী খ আরবীয় জনগোষ্ঠী
গ ক্ষুদ্র নৃগোষ্ঠী ঘ ফরাসি জনগোষ্ঠী — গ

৩. খাসিয়া ও মণিপুরিরা কোথায় বাস করে? (জ্ঞান)
ক সিলেটে খ চট্টগ্রামে
গ ময়মনসিংহে ঘ ময়নামতিতে — ক

৪. বাংলাদেশের দক্ষিণ-পূর্বাংশে বসবাসকারী ক্ষুদ্র নৃগোষ্ঠী কোনটি? (জ্ঞান)
ক ম্রো খ মাহালি
গ কোচ ঘ মণিপুরি — ক

৫. রক্ত ও শারীরিক গঠনের বিচারে উপজাতিরা কোন নৃগোষ্ঠীর লোক? ★ (জ্ঞান) *[বি এ এফ শাহীন স্কুল এন্ড কলেজ, যশোর]*
ক মঙ্গোলীয় খ ইন্দো-ভারতীয়
গ ইন্দো-ইউরোপীয় ঘ দ্রাবিড় — ক

৬. প্রীতি তঞ্চঙ্গ্যা বাংলাদেশের একজন নাগরিক। কিন্তু সে ক্ষুদ্র নৃগোষ্ঠীর অন্তর্ভুক্ত। রক্ত ও শারীরিক গঠন বিচারে প্রীতি কোন নৃগোষ্ঠীর লোক? (প্রয়োগ)
ক মঙ্গোলীয় খ আর্য
গ দ্রাবিড় ঘ ককেশীয় — ক

৭. বাংলাদেশের কোন দিকে মঙ্গোলিয় নৃগোষ্ঠীর বাস রয়েছে? ★ (জ্ঞান) *[ডা. খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম]*
ক উত্তর-পূর্বাংশে খ দক্ষিণ-পূর্বাংশে
গ দক্ষিণ-পশ্চিমাংশে ঘ উত্তর-পশ্চিমাংশে — ক

৮. গারো, হাজং, কোচ উপজাতীয়রা কোথায় বাস করে? *[ব. বো. '১৫]*
ক সিলেট খ বান্দরবান
গ চিটাগাং ঘ ময়মনসিংহ — ঘ

৯. হাজং নৃ-গোষ্ঠী বাংলাদেশের কোন অংশে বসবাস করে? *[কু. বো. '১৫]*
ক উত্তর-পশ্চিমাংশে খ উত্তর-পূর্বাংশে
গ দক্ষিণ-পূর্বাংশে ঘ দক্ষিণ-পশ্চিমাংশে — খ

১০. বাংলাদেশের উত্তর-পূর্বাংশে বসবাসকারী ক্ষুদ্র নৃগোষ্ঠী কোনটি? ★ (জ্ঞান) *[যশোর জিলা স্কুল]*
ক বম খ ত্রিপুরা
গ হাজং ঘ মুন্ডা — গ

১১. কক্সবাজার, পটুয়াখালী ও বরগুনা জেলায় বাস করে কোন নৃগোষ্ঠীর মানুষ? ★ (জ্ঞান) *[মাগুরা সরকারি উচ্চ বিদ্যালয়]*
ক চাকমা খ রাখাইন
গ খাসিয়া ঘ মণিপুরি — খ

১২. রাজবংশী কী? (জ্ঞান)
ক ক্ষুদ্র জাতিসত্তার নাম
খ রাখাইনদের আদি নাম
গ সূর্যদেবতার নাম ঘ বৌদ্ধদের সনাতন নাম — ক

১৩. সূর্যবংশী বর্মন বলতে কী বোঝায়? ★ (অনুধাবন) *[বরিশাল জিলা স্কুল; কুমিল্লা জিলা স্কুল]*
ক দেবতার নাম খ ব্যক্তির নাম
গ সূর্যের অপর নাম ঘ ক্ষুদ্র জাতিসত্তার নাম — ঘ

১৪. নৃতাত্ত্বিক বিচারে চাকমারা কোন জনগোষ্ঠীর লোক? ★ (জ্ঞান) *[বি এ এফ শাহীন কলেজ, চট্টগ্রাম]*
ক দ্রাবিড় খ আর্য
গ অনার্য ঘ মঙ্গোলিয় — ঘ

১৫. বাংলাদেশের কোন জাতিসত্তার গায়ের রং ঈষৎ হলদেটে? (জ্ঞান)
ক মারমা খ চাকমা
গ ত্রিপুরা ঘ সাঁওতাল — খ

১৬. বাংলাদেশের বাইরে চাকমারা কোন দেশে বাস করে? ★ (জ্ঞান) *[জে ডি গভঃ গার্লস হাইস্কুল, কিশোরগঞ্জ]*
ক শ্রীলংকা খ ভারত
গ থাইল্যান্ড ঘ নেপাল — খ

১৭. সাজিদ ভারতের অরুণাচলে বেড়াতে গিয়েছিল। সেখানে বাংলাদেশের বসবাসরত কোন ক্ষুদ্র জাতিসত্তার লোকের দেখা পেতে পারে? *[কু. বো. '১৫]*
ক ম্রো খ চাকমা
গ ত্রিপুরা ঘ সাঁওতাল — খ

১৮. চাকমা সমাজের মূল অংশ কোনটি? (জ্ঞান)
ক আদাম খ মৌজা
গ পরিবার ঘ পাড়া — গ

১৯. কয়েকটি চাকমা পরিবার নিয়ে কী গঠিত হয়? ★ (জ্ঞান) *[কাজী জালাল উদ্দিন বহুমুখী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, সিলেট]*
ক চাকমা সার্কেল খ মৌজা
গ গ্রাম পঞ্চায়েত ঘ আদাম — ঘ

২০. 'চাকমাদের পাড়াকে কী বলে? (জ্ঞান)
ক গ্রাম পঞ্চায়েত খ মৌজা
গ চাকমা সার্কেল ঘ আদাম — ঘ

২১. কতকগুলো পাড়া নিয়ে কী গঠিত হয়? (জ্ঞান)
ক মৌজা খ আদাম
গ চাকমা সার্কেল ঘ গ্রাম পঞ্চায়েত — ক

২২. কোনটি নিয়ে মৌজা গঠিত হয়? *[সি. বো. '১৫]*
ক পাড়া খ গ্রাম পঞ্চায়েত
গ চাকমা সার্কেল ঘ মারমাঞ্চল — ক

২৩. চাকমা পাড়ার প্রধানকে কী বলা হয়? (জ্ঞান)
ক হেডম্যান খ রোয়াজা
গ বোমাং রাজা ঘ চাকমা রাজা — ক

২৪. পরিবার → ? → মৌজা → চাকমা সার্কেল। প্রশ্নবোধক চিহ্নিত স্থানের প্রধানকে কী বলা হয়? (উচ্চতর দক্ষতা)
ক হেডম্যান খ কারবারি
গ রাজা ঘ কায়েত — ক

Teachingbd.com

২৫. পাড়ার প্রধান হেডম্যানের কাজ কী? (জ্ঞান)
ⓚ আইনের শাসন প্রতিষ্ঠা করা
ⓚ মৌজার শান্তিশৃঙ্খলা রক্ষা করা
ⓖ নতুন নতুন আইন প্রণয়ন করা
ⓘ সুষ্ঠুভাবে বিচারকার্য পরিচালনা করা — খ

২৬. কয়েকটি মৌজা মিলে কোনটি গঠিত হয়? (জ্ঞান)
ⓚ আদাম ⓚ পাড়া
ⓖ চাকমা সার্কেল ⓘ মৌজা — গ

২৭. চাকমা সার্কেলের প্রধান কে? (জ্ঞান) /ব্লু-বার্ড উচ্চ বিদ্যালয়, সিলেট/
ⓚ চাকমা রাজা ⓚ হেডম্যান
ⓖ চাকমা সর্দার ⓘ গোডেৎ — ক

২৮. কোন সমাজে রাজার পদটি বংশানুক্রমিক? (জ্ঞান)
ⓚ বাঙালি ⓚ সাঁওতাল
ⓖ চাকমা ⓘ ত্রিপুরা — গ

২৯. চাকমা পরিবারের প্রধান কে? (জ্ঞান) /আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা/
ⓚ মা ⓚ ভাই
ⓖ বোন ⓘ পিতা — ঘ

৩০. চাকমাদের প্রধান জীবিকার উপায় কী? (জ্ঞান)
ⓚ চাকরি ⓚ ব্যবসা
ⓖ কৃষিকাজ ⓘ পশুপালন — গ

৩১. চাকমাদের চাষাবাদের পদ্ধতিকে কী বলা হয়? (জ্ঞান)
ⓚ মিশ্র চাষ ⓚ জুম
ⓖ আধানিবিড় চাষ ⓘ নিবিড় চাষ — খ

৩২. চাকমারা কোন ধর্মের অনুসারী? (জ্ঞান)
ⓚ ইসলাম ⓚ বৌদ্ধ
ⓖ খ্রিষ্টান ⓘ জৈন — খ

৩৩. চাকমারা বৌদ্ধ মন্দিরকে কী বলে? (জ্ঞান) /যশোর জিলা স্কুল/
ⓚ সিমবাহান ⓚ কিয়াং
ⓖ কাইরক ⓘ গির্জা — খ

৩৪. কোন সমাজে মৃতদেহ দাহ করা হয়? /ব. বো. '১৪/
ⓚ রাখাইন ⓚ চাকমা
ⓖ খাসিয়া ⓘ সাঁওতাল — খ

৩৫. মাঘী পূর্ণিমার রাতে কিয়াং এর প্রাঙ্গণে ফানুস উড়ায় কোন নৃ-গোষ্ঠী? /দি. বো. '১৫; য. বো. '১৫/
ⓚ মারমা ⓚ চাকমা
ⓖ গারো ⓘ সাঁওতাল — খ

৩৬. কারা নিজেদের পোশাক তাঁত দিয়ে তৈরি করে? (জ্ঞান)
ⓚ গারো ⓚ চাকমা
ⓖ মুণ্ডা ⓘ মাল পাহাড়ি — খ

৩৭. চাকমাদের সাংস্কৃতিক জীবনব্যবস্থায় দেখা যায়— /চ. বো. '১৫/
ⓚ তাদের ঐতিহ্যবাহী পোশাকের নাম 'গান্দো'
ⓚ ইদানীং তারা শার্ট, প্যান্ট, লুঙ্গি, পরিধান করে
ⓖ তাদের জনপ্রিয় খাদ্য 'মিউয়া'
ⓘ তারা মাথায় পাগড়ি পরে
নোট : সঠিক উত্তর ঘ ও হতে পারে — খ

৩৮. চাকমা মেয়েদের পরনের কাপড়ের নাম কী? /স. বো. ২০১৩; গভ. ল্যাবরেটরি হাইস্কুল, রাজশাহী/
ⓚ দকমান্দা ⓚ গান্দো
ⓖ দক শাড়ি ⓘ পিনোন — ঘ

৩৯. চাকমা মহিলাদের তৈরিকৃত কাপড়ের নাম কী? (জ্ঞান)
ⓚ ফুলগাদি ⓚ পিনোন
ⓖ হাদি ⓘ দকমান্দা — ক

৪০. চাকমারা বাঁশ ও বেত দিয়ে কোনটি তৈরি করে? (জ্ঞান) /ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা/
ⓚ বাদ্যযন্ত্র ⓚ পিনোন
ⓖ হাদি ⓘ বাঁশ কোড়ল — ক

৪১. অর্জুনের বাড়ি খাগড়াছড়ি জেলায়। সে কৃষি কাজ করে জীবিকা নির্বাহ করে। তার কৃষি কাজের পদ্ধতিকে কী বলা হয়? (প্রয়োগ)
ⓚ জুম চাষ ⓚ হাল চাষ
ⓖ নিবিড় চাষ ⓘ মিশ্র চাষ — ক

৪২. চাকমাদের প্রিয় খাদ্য কোনটি? (জ্ঞান) /হাজীগঞ্জ পাইলট স্কুল এন্ড কলেজ, চাঁদপুর/
ⓚ খিচুড়ি ⓚ বাঁশ কোড়ল
ⓖ বাঁশ পাতা ⓘ নাপপি — খ

৪৩. হা-ডু-ডু, কুস্তি খেলতে ভালোবাসে নিচের কোন ক্ষুদ্র নৃগোষ্ঠী? (জ্ঞান)
ⓚ সাঁওতাল ⓚ গারো
ⓖ ত্রিপুরা ⓘ চাকমা — ঘ

৪৪. চাকমারা কোন খেলা খেলতে ভালোবাসে? (জ্ঞান)
ⓚ ক্রিকেট ⓚ ফুটবল
ⓖ ঘিলাখারা ⓘ তাস — গ

৪৫. চাকমাদের মধ্যে কারা বউচি খেলে? (জ্ঞান)
ⓚ কিশোররা ⓚ বড় মেয়েরা
ⓖ ছোট মেয়েরা ⓘ কিশোরীরা — গ

৪৬. চাকমাদের শ্রেষ্ঠ উৎসবের নাম কী? /স. বো. ২০১৩; সি. বো. '১৫/
ⓚ বৈশাখী উৎসব ⓚ মাঘী পূর্ণিমা
ⓖ বড় দিনের উৎসব ⓘ বিজু — ঘ

৪৭. চাকমাদের শ্রেষ্ঠ উৎসব কোনটি? /স. বো. ২০১২/
ⓚ ওয়ানগালা ⓚ সাংগ্রাই
ⓖ বিজু ⓘ সান্দ্রে — গ

৪৮. বাংলা বর্ষের শেষ দুদিন ও নববর্ষের প্রথম দিনে চাকমারা কোন উৎসব পালন করে? (জ্ঞান)
ⓚ বিজু ⓚ ওয়ানগালা
ⓖ সান্দ্রে ⓘ ঝুমুর নাচ — ক

৪৯. বাংলাদেশের কোন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর তুলনামূলকভাবে বেশি শিক্ষিত? (জ্ঞান) /গভ. ল্যাবরেটরি হাই স্কুল, ঢাকা/
ⓚ সাঁওতাল ⓚ চাকমা
ⓖ মারমা ⓘ গারো — খ

৫০. নানা ক্ষুদ্র জাতিসত্তার লোক বসবাস করে বাংলাদেশের উত্তর-পশ্চিমাংশের— (অনুধাবন)
i. নাটোরে ii. দিনাজপুরে
iii. বগুড়ায়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii — গ

http://teachingbd.com

৫১. বাংলাদেশে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর উদাহরণ হলো— (অনুধাবন)
i. সাঁওতাল ii. চাকমা
iii. রাখাইন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii — ঘ

৫২. চাকমা, মারমা, খুমি ইত্যাদি নৃগোষ্ঠী বসবাস করে— (অনুধাবন)
i. রাঙামাটি জেলায় ii. রংপুর জেলায়
iii. খাগড়াছড়ি জেলায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii — গ

৫৩. ফারিয়া তার বাবা মায়ের সাথে বান্দরবান বেড়াতে যাবে। তারা ইচ্ছে করলে যে ক্ষুদ্র নৃগোষ্ঠীর লোকদের দেখতে পারবে— (প্রয়োগ)
i. মারমা ii. বম
iii. চাক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii — ঘ

৫৪. ময়মনসিংহ অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র নৃগোষ্ঠীর তৈরি বিভিন্ন সামগ্রী নিয়ে একটি মেলা হচ্ছিল। এ জেলায় যে সকল ক্ষুদ্র নৃগোষ্ঠীর স্টল থাকতে পারে তা হলো— (উচ্চতর দক্ষতা)
i. কোচ ii. খাসি
iii. হাজং
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii — গ

৫৫. মঙ্গোলীয় নৃগোষ্ঠীর লোক— ★ (উচ্চতর দক্ষতা) /জে ডি গভঃ গার্লস হাইস্কুল, কিশোরগঞ্জ/
i. পাংখুয়া, লুসেই ii. সাঁওতাল, ওরাঁও
iii. গারো, হাজং
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii — গ

৫৬. বাংলাদেশের উত্তর-পূর্বাংশের জেলায় বসবাসরত মানুষেরা হলো— ★ (অনুধাবন) /গভঃ ল্যাবরেটরী হাই স্কুল, খুলনা/
i. কাহালী ii. মুণ্ডা
iii. মালো
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii — গ

৫৭. চাকমাদের শারীরিক বৈশিষ্ট্য হলো— (অনুধাবন)
i. মুখমণ্ডল গোলাকার
ii. চুল ইষৎ ঢেউ খেলানো
iii. নাক চ্যাপ্টা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii — খ


৫৮. চাকমা সমাজের ধর্মীয় অনুষ্ঠান হলো— (অনুধাবন)
i. গৌতম বুদ্ধের জন্মদিবস
ii. গৌতম বুদ্ধের মৃত্যু দিবস
iii. গৌতম বুদ্ধের বিবাহ দিবস
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii — ক

৫৯. চাকমাদের সাংস্কৃতিক জীবনের বৈশিষ্ট্য হলো— /রা. বো. '১৪/
i. বিজু উৎসব পালন করে
ii. তুলনামূলকভাবে কম শিক্ষিত
iii. প্রিয় খাবার বাঁশ কোড়ল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i ,ii ও iii — গ

৬০. পূর্বে চাকমা পুরুষরা পরিধান করতো— (অনুধাবন)
i. ধুতি ii. গামছা
iii. শার্ট
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii — ক

৬১. ইদানীং চাকমা পুরুষরা পরিধান করে— (অনুধাবন)
i. শার্ট ii. ধুতি
iii. লুঙ্গি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii — খ

নিচের উদ্দীপকটি পর্যবেক্ষণ করে ৬২ ও ৬৩ নং প্রশ্নের উত্তর দাও:




★ /সরকারি বালিকা বিদ্যালয়, বরিশাল/

৬২. 'B' চিহ্নিত স্থানে কোন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর লোক বসবাস করে? (প্রয়োগ)
ক হাজং, কোচ খ খাসিয়া, মণিপুরি
গ মারমা, চাকমা ঘ রাখাইন, গারো — ক

৬৩. 'A' চিহ্নিত অঞ্চলের ক্ষুদ্র নৃগোষ্ঠীর বৈশিষ্ট্য নিচের কোনটি? (উচ্চতর দক্ষতা)
ক জীবিকা প্রধানত কৃষিনির্ভর
খ রাজা বংশ পরম্পরায় নিযুক্ত হন
গ এরা খ্রিষ্টান ধর্মাবলম্বী
ঘ মেয়েরা কৃষি ও তাঁত উভয় কাজেই দক্ষ — ক

http://teachingbd.com

**উদ্দীপকটি পড়ো এবং ৬৪-৬৬ নং প্রশ্নের উত্তর দাও।**

সুকুমার একটি ক্ষুদ্র জাতিসত্তার সদস্য। তাদের আদি বাসস্থানের নাম চম্পক নগর। তাদের জীবিকার প্রধান উপায় হলো কৃষি। তাদের কৃষি পদ্ধতিকে জুম চাষ বলা হয়। তবে বর্তমানে তারা হালচাষেও অভ্যস্ত হয়েছে।

**৬৪. উদ্দীপকের সুকুমার কোন ক্ষুদ্র নৃগোষ্ঠীর সদস্য?** (অনুধাবন)
ক গারো   খ মারমা
গ খাসিয়া   ঘ চাকমা — **ঘ**

**৬৫. উক্ত ক্ষুদ্র জাতিসত্তার দৈহিক গড়ন হলো—** (অনুধাবন)
i. মুখমণ্ডল গোলাকার, নাক চ্যাপ্টা
ii. গায়ের রং ঈষৎ হলদেটে
iii. চুল সোজা এবং কালো
**নিচের কোনটি সঠিক?**
ক i ও iii   খ ii ও iii
গ i ও ii   ঘ i, ii ও iii — **ঘ**

**৬৬. এ জাতিসত্তার সাংস্কৃতিক জীবনব্যবস্থা হলো—** (অনুধাবন)
i. মহিলারা পিনোন ও হাদি পরিধান করে
ii. প্রিয় খেলা ঘিলাখারা
iii. প্রধান উৎসব দুর্গাপূজা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii — **ক**

## ★★ পাঠ-৩ ও ৪ গারো ও সাঁওতাল
|Text পৃষ্ঠা-৯৪ ও ৯৬

**৬৭. বাংলাদেশের বৃহৎ ময়মনসিংহ জেলায় বসবাসকারী ক্ষুদ্র জাতিসত্তাগুলোর মধ্যে কারা সংখ্যাগরিষ্ঠ?** */সি. বো. '১৫/*
ক চাকমা   খ গারো
গ সাঁওতাল   ঘ মুণ্ডা — **খ**

**৬৮. বৃহত্তর ময়মনসিংহ জেলায় বসবাসকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর নাম কী?** */দি. বো. '১৫/*
ক রাখাইন   খ চাকমা
গ গারো   ঘ মারমা — **গ**

**৬৯. বাংলাদেশের কোন ক্ষুদ্র নৃগোষ্ঠী সমতলে বসবাস করে?** (জ্ঞান)
ক চাকমা   খ গারো
গ রাখাইন   ঘ মারমা — **খ**

**৭০. মাহারি বা মাতৃগোত্র পরিচয় কোন ক্ষুদ্র নৃগোষ্ঠীর সমাজে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়?** (জ্ঞান)
ক গারো   খ সাঁওতাল
গ খাসিয়া   ঘ মণিপুরি — **ক**

**৭১. শ্রীপুরে কোন ক্ষুদ্র নৃগোষ্ঠী বাস করে?** (জ্ঞান)
ক মারমা   খ চাকমা
গ গারো   ঘ সাঁওতাল — **গ**

**৭২. গারোদের আদি বাসস্থান ছিল কোথায়?** ★ (জ্ঞান) */চট্টগ্রাম কলেজিয়েট স্কুল ও কলেজ/*
ক ঝাড়খণ্ডে   খ ত্রিপুরায়
গ তিব্বতে   ঘ কলকাতায় — **গ**

**৭৩. গারো সমাজে পরিবারের প্রধান কে?** (জ্ঞান)
ক পিতা   খ মাতা
গ ভাই   ঘ বোন — **খ**

**৭৪. গারোদের ভাষায় 'সালজং' এর অর্থ কী?** (জ্ঞান)
ক চন্দ্র   খ সূর্য
গ বজ্র   ঘ মাটি — **খ**

**৭৫. গারোরা সাধারণত নিজেদেরকে কী নামে পরিচয় দিতে বেশি পছন্দ করে?** (অনুধাবন)
ক গুর্খা   খ পাংখু
গ বুম   ঘ মান্দি — **ঘ**

**৭৬. গারো সন্তানেরা কার উপাধি ধারণ করে থাকে?** (জ্ঞান)
ক পিতার   খ গোত্র প্রধানের
গ মায়ের   ঘ শাশুড়ীর — **গ**

**৭৭. গারো পরিবারে কে সমুদয় সম্পত্তির উত্তরাধিকার লাভ করে থাকে?** ★ (অনুধাবন) */জে ভি গভঃ গার্লস হাইস্কুল, কিশোরগঞ্জ/*
ক বয়োজ্যেষ্ঠ কন্যা   খ সর্বকনিষ্ঠ কন্যা
গ বয়োজ্যেষ্ঠ পুত্র   ঘ সর্বকনিষ্ঠ পুত্র — **খ**

**৭৮. গারো পরিবারে কে সংসার ব্যবস্থাপনার দায়িত্ব পালন করে?** (জ্ঞান)
ক পিতা   খ মাতা
গ কন্যা   ঘ পুত্র — **ক**

**৭৯. কোন সমাজে একই মাহারির পুরুষ ও মহিলার মধ্যে বিয়ে নিষিদ্ধ?** ★ (জ্ঞান) */আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা/*
ক চাকমা   খ গারো
গ সাঁওতাল   ঘ রাখাইন — **খ**

**৮০. ন্যাম্মি তার পরিবারের সর্বকনিষ্ঠ সন্তান। তার বাবা সংসার ব্যবস্থাপনার দায়িত্ব পালন করে। সে পরিবারের সমুদয় সম্পত্তির অধিকারী হয়েছে। ন্যাম্মি কোন ক্ষুদ্র জনগোষ্ঠীর সদস্য?** (প্রয়োগ)
ক চাকমা   খ গারো
গ সাঁওতাল   ঘ রাখাইন — **খ**

**৮১. বাংলাদেশের গারোরা কীভাবে জীবিকা নির্বাহ করে?** ★ (অনুধাবন) */ডা. খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম/*
ক কৃষি কাজ করে
খ মৎস্য চাষ করে
গ হাঁস মুরগি পালন করে
ঘ ব্যবসা-বাণিজ্য করে — **ক**

**৮২. কোন ক্ষুদ্র নৃগোষ্ঠী পূর্বে জুম চাষে অভ্যস্ত ছিল?** (জ্ঞান)
ক খাসিয়া   খ রাখাইন
গ চাকমা   ঘ গারো — **ঘ**

**৮৩. 'সাংসারেক' কাদের আদি ধর্ম?** ★ */সি. বো. '১৪; রা. বো. '১৫; বি এ এফ শাহীন কলেজ, চট্টগ্রাম/*
ক চাকমাদের   খ মারমাদের
গ রাখাইনদের   ঘ গারোদের — **ঘ**

Teachingbd.com

৮৪. গারোদের আদি ধর্ম কী নামে পরিচিত ছিল? [ব. বো. '১৫]
(ক) কিয়াং (খ) সাংসারেক
(গ) বৈষ্ণব (ঘ) জেইন **খ**

৮৫. 'সাংসারেক' কাদের আদি ধর্মের নাম? [সি. বো. '১৫]
(ক) চাকমা (খ) গারো
(গ) সনাতন (ঘ) বৌদ্ধ **খ**

৮৬. সালজং বা সূর্য, ছোছুম, গোয়েরা প্রভৃতি দেবদেবির পূজা করত কারা? ★ (অনুধাবন) [ঠাকুরগাঁও সরকারি বালক উচ্চ বিদ্যালয়]
(ক) চাকমারা (খ) সাঁওতালরা
(গ) মারমারা (ঘ) গারোরা **ঘ**

৮৭. অতীতে গারোদের দেবতার নাম ছিল কী? ★ (জ্ঞান) [নোয়াখালী জিলা স্কুল]
(ক) ইক্ষিত্রা (খ) তাতারা রাবুকা
(গ) হাচুকমা (ঘ) সংগ্রাংমা **খ**

৮৮. গারোরা 'চন্দ্র' কে কী বলে ডাকে? (জ্ঞান)
(ক) সালজং (খ) মেন
(গ) ছোছুম (ঘ) গোয়েরা **গ**

৮৯. গারোরা বজ্র দেবতাকে কী বলে? (অনুধাবন)
(ক) মালজং (খ) ছোছুম
(গ) মেন (ঘ) গোয়েরা **ঘ**

৯০. গারোরা 'মাটিকে' কী বলে ডাকে? (জ্ঞান)
(ক) মেন (খ) গোয়ারা
(গ) সালজং (ঘ) ছোছুম **ক**

৯১. গারোদের আদি ধর্মের নাম কী? [স. বো. ২০১২]
(ক) তাতারা রাবুকা (খ) মান্দি খুসিক
(গ) মারাক (ঘ) সাংসারেক **ঘ**

৯২. বর্তমানে গারোরা কোন ধর্মের অনুসারী? (জ্ঞান)
(ক) মুসলিম (খ) হিন্দু
(গ) বৌদ্ধ (ঘ) খ্রিষ্টান **ঘ**

৯৩. 'দকমান্দা' হচ্ছে গারো মহিলাদের নিজের তৈরি— [দি. বো. '১৫]
(ক) সকালের নাস্তা (খ) রাতের খাবার
(গ) পানীয় (ঘ) পোশাক **ঘ**

৯৪. গারো পুরুষদের ঐতিহ্যবাহী পোশাকের নাম কী? ★ (জ্ঞান) [আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা]
(ক) পিনোন (খ) হাদি
(গ) গান্দো (ঘ) দকমান্দা **গ**

৯৫. বাংলাদেশের গারো মহিলাদের পোশাকের নাম কী? [চ. বো. '১৫]
(ক) পিনোন (খ) আক্তি
(গ) দকমান্দা (ঘ) লুঙ্গি ব্লাউজ **গ**

৯৬. 'গান্দো' কোন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর পোশাকের নাম? [রা. বো. '১৫]
(ক) গারো ছেলেদের (খ) গারো মেয়েদের
(গ) চাকমা মেয়েদের (ঘ) সাঁওতাল ছেলেদের **ক**

৯৭. গারোদের সামাজিক উৎসবগুলি কী কেন্দ্রিক? [ঢা. বো. '১৫]
(ক) কৃষি (খ) গোত্র
(গ) ভাষা (ঘ) বিবাহ
নোট: সঠিক উত্তর ক ও খ

৯৮. গারোদের বিশেষ খাদ্য কোনটি? ★ (জ্ঞান) [বরিশাল জিলা স্কুল]
(ক) মাছ (খ) শাকসবজি
(গ) বাঁশ কোড়ল (ঘ) কুঁচি বাঁশগাছের গুঁড়ি **ঘ**

৯৯. 'মিউয়া' কাদের জনপ্রিয় খাবার? ★ (জ্ঞান) [রংপুর জিলা স্কুল]
(ক) চাকমাদের (খ) হাজংদের
(গ) গারোদের (ঘ) সাঁওতালদের **গ**

১০০. 'ওয়ানগালা' কাদের শ্রেষ্ঠ উৎসব? (জ্ঞান)
(ক) হাজংদের (খ) চাকমাদের
(গ) সাঁওতালদের (ঘ) গারোদের **ঘ**

১০১. কোন ক্ষুদ্রগোষ্ঠীর ভাষার নিজস্ব বর্ণমালা নেই? (জ্ঞান)
(ক) চাকমা (খ) গারো
(গ) সাঁওতাল (ঘ) রাখাইন **খ**

১০২. বাংলাদেশের কোন জাতিসত্তার ভাষার নাম- 'আচিক খুসিক'? [অনু-১]
(ক) চাকমা (খ) মারমা
(গ) গারো (ঘ) সাঁওতাল **গ**

১০৩. গারো সমাজের বিশেষ খাদ্যটি কী নামে পরিচিত? (জ্ঞান)
(ক) পিনোন (খ) মিউয়া
(গ) আক্তি (ঘ) সান্দ্রে **খ**

১০৪. গারো পরিবারে সম্পত্তির মালিক হয় কে? (জ্ঞান)
(ক) সর্বকনিষ্ঠ কন্যা (খ) সর্বকনিষ্ঠ ভ্রাতা
(গ) বয়োজেষ্ঠ্য ভ্রাতা (ঘ) সর্বকনিষ্ঠ চাচা **ক**

১০৫. বাংলাদেশের উত্তর-পশ্চিমাংশে বসবাসকারী ক্ষুদ্র জাতিসত্তাগুলোর মধ্যে প্রধান জনগোষ্ঠী কোনটি? ★ [বি এ এফ শাহীন কলেজ, চট্টগ্রাম]
(ক) গারো (খ) সাঁওতাল
(গ) ম্রো (ঘ) মালো **খ**

১০৬. আমাদের পার্শ্ববর্তী ভারতীয় কোন রাজ্যে বেশ কিছু সাঁওতাল বাস করে? (জ্ঞান)
(ক) আসাম (খ) মেঘালয়
(গ) মিজোরাম (ঘ) পশ্চিমবঙ্গ **ঘ**

১০৭. সাঁওতালদের দেহের রং কেমন? (জ্ঞান)
(ক) কালো (খ) ফর্সা
(গ) ঈষৎ হলদেটে (ঘ) শ্যামলা **ক**

১০৮. সাঁওতাল সমাজের মূল ভিত্তি কোনটি? ★ (অনুধাবন) [নোয়াখালি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
(ক) পরিবার (খ) গোত্র
(গ) গ্রাম পঞ্চায়েত (ঘ) মৌজা **গ**

১০৯. পঞ্চায়েত পরিচালনার জন্যে কয়জন 'মাঝি পরাণিক' থাকে? ★ (অনুধাবন) [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা; আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা]
(ক) ২ জন (খ) ৩ জন
(গ) ৪ জন (ঘ) ৫ জন **ঘ**

১১০. কোন জনগোষ্ঠী প্রধানত দুইটি ধর্মের অনুসারী? ★ (জ্ঞান) [বি এ এফ শাহীন কলেজ, চট্টগ্রাম]
(ক) সাঁওতাল (খ) বম
(গ) চাকমা (ঘ) মারমা **ক**

১১১. ধর্মগুরু হিসেবে সাঁওতালরা কাকে গণ্য করে? [ব. বো. '১৫]
(ক) মাঝি হারাণ (খ) পরানিক
(গ) গোডেৎ (ঘ) নায়েক **ঘ**

১১২. সাঁওতালদের প্রধান খাদ্য কী? (জ্ঞান)
(ক) মাছ (খ) ভাত
(গ) পিঠা (ঘ) মাংস **খ**

১১৩. সাঁওতালদের প্রধান জীবিকা কী? (জ্ঞান)
(ক) কৃষি (খ) ব্যবসা
(গ) চাকরি (ঘ) পোশাক তৈরি **ক**

১১৪. সাঁওতালদের সাংস্কৃতিক জীবনের অংশ কোনটি? [দি. বো. '১৫]
(ক) পানিখেলা (খ) সান্দ্রে উৎসব
(গ) ঝুমুর নাচ (ঘ) ওয়ানগালা **গ**

http://teachingbd.com

১১৫. ক্ষুদ্র নৃগোষ্ঠীর মধ্যে কারা মাটির ঘরে বসবাস করে? (অনুধাবন)
ক রাখাইন খ মণিপুরি
গ সাঁওতাল ঘ চাকমা — গ

১১৬. কোন ক্ষুদ্র নৃগোষ্ঠী তাদের ঘর-বাড়ি খুব পরিস্কার-পরিচ্ছন্ন রাখে? (জ্ঞান)
ক রাখাইন খ মনিপুরি
গ সাঁওতাল ঘ মারমা — গ

১১৭. সোহরাই ও ফাগুয়া কাদের নিজস্ব উৎসব? (জ্ঞান)
ক গারোদের খ চাকমাদের
গ সাঁওতালদের ঘ মারমাদের — গ

১১৮. মহুয়া সাঁওতাল গোষ্ঠীর মেয়ে। সে ছোটবেলা থেকেই সংস্কৃতি চর্চায় অভ্যস্ত। সে কোন সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করে? ★ (প্রয়োগ) *[বরিশাল জিলা স্কুল]*
ক ওয়ানগালা খ দোন নাচ
গ ঝিকা নাচ ঘ ঝুমুর নাচ — ঘ

১১৯. সাঁওতাল বিবাহে অনুষ্ঠিত 'দোন ও ঝিকা' কী? ★ (অনুধাবন) *[আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা]*
ক গান খ নাচ
গ গল্প ঘ ছড়া — খ

১২০. কোন নৃ-গোষ্ঠীর মেয়েরা কাঁধের উপর জড়িয়ে শাড়ি পরে? (জ্ঞান)
ক চাকমা খ মারমা
গ গারো ঘ সাঁওতাল — ঘ

১২১. কারা অলঙ্কার পরতে বেশি ভালোবাসে? (জ্ঞান)
ক মারমারা খ গারোরা
গ চাকমারা ঘ সাঁওতালরা — ঘ

১২২. কোন ক্ষুদ্র নৃগোষ্ঠীর জনগণ উল্কি চিহ্ন ব্যবহার করে? (জ্ঞান)
ক সাঁওতাল খ গারো
গ খাসিয়া ঘ মণিপুরি — ক

১২৩. কত শতকের প্রথম ভাগে সাঁওতালদের বিদ্রোহ হয়? ★ (জ্ঞান) *[আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা]*
ক আঠারো খ বিশ
গ উনিশ ঘ একুশ — খ

১২৪. গারোরা বাস করে— *[চ. বো. '১০]*
i. ময়মনসিংহ জেলায়
ii. শেরপুর জেলায়
iii. গাজীপুর জেলায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii — ঘ

১২৫. মাতার বংশ ধরেই নির্ণয় করা হয় গারোদের— (অনুধাবন)
i. চাৎচি ii. মাহারি
iii. রোয়া
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii — ক

১২৬. গারো সমাজের দল হলো— (অনুধাবন)
i. সাংমা ii. মারাক
iii. স্কাউট
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii — ক

১২৭. গারো মহিলাদের নিজেদের তৈরি পোশাকের নাম হলো— *[ঢা. বো. '১০]*
i. দকমান্দা ii. দকশাড়ি
iii. আক্তি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii — ক

১২৮. গারোরা খেতে পছন্দ করে— (অনুধাবন)
i. তেলের পিঠা ii. ভাপা পিঠা
iii. মেরা পিঠা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii — ঘ

১২৯. বাংলাদেশ ও ভারতের মেঘালয়ে এবং অন্যান্য রাজ্যে বাস করে — ★ (অনুধাবন) *[আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল]*
i. গারোরা ii. চাকমারা
iii. রাখাইনরা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii — ক

১৩০. সাঁওতাল বিদ্রোহে নেতৃত্ব দান করেন— (অনুধাবন)
i. সিধু ii. কানু
iii. লক্ষণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii — ক

১৩১. সাঁওতালদের পঞ্চায়েত পরিচালনা করে— (অনুধাবন)
i. হেডম্যান ii. গোডেৎ
iii. মাঝিহারাম
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii — ঘ

১৩২. সাঁওতালরা যে ধর্ম পালন করে তা হলো— (অনুধাবন)
i. হিন্দুধর্ম ii. খ্রিষ্টান ধর্ম
iii. বৌদ্ধ ধর্ম
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii — ক

১৩৩. সাঁওতালদের বিবাহ অনুষ্ঠানে আয়োজন করা হয়— ★ (অনুধাবন) *[আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল]*
i. দোন নাচের ii. কথক নাচের
iii. ঝিকা নাচের
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii — গ

১৩৪. সাঁওতাল মেয়েদের ব্যবহৃত গয়না তৈরির উপকরণ হলো— (অনুধাবন)
i. স্বর্ণ ii. কাঁসা
iii. পিতল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii — গ

১৩৫. নিচের কোন উপজাতিগুলো খ্রিষ্টান ধর্মাবলম্বী? *[সি. বো. '১০]*
i. চাকমা ii. গারো
iii. সাঁওতাল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii — খ

Teachingbd.com

নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৩৬ নং প্রশ্নের উত্তর দাও:
রোদেলা গত বছর রাঙামাটি বেড়াতে যায়। সেখানে সে একজন মহিলার সাথে কথা বলে। মহিলাটির নাম নীলাঞ্জনা। সে বলল, তারা গোয়েরা পূজা করে। তাদের প্রিয় খাবার 'মিউয়া'। /সি. বো. '১৫/

১৩৬. মহিলাটি কোন উপজাতির হতে পারে?
ক চাকমা খ গারো
গ মারমা ঘ সাঁওতাল — গ

নিচের অনুচ্ছেদটি পড়ে ১৩৭ ও ১৩৮ নং প্রশ্নের উত্তর দাও:
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মধ্যে একটি গোষ্ঠী নিজেদের 'মান্দি' হিসেবে পরিচয় দেয়। তারা সাধারণত সমতলের বাসিন্দা। তাদের আদি বাসস্থান ছিল তিব্বত। /কু. বো. '১৪/

১৩৭. উদ্দীপকে কোন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর উল্লেখ করা হয়েছে?
ক খাসিয়া খ চাকমা
গ গারো ঘ মারমা — গ

১৩৮. এই গোষ্ঠীর সামাজিক জীবন—
i. মাতৃতান্ত্রিক
ii. সর্বকনিষ্ঠ কন্যা সমুদয় সম্পত্তির উত্তরাধিকারী
iii. সাধারণত কৃষিকাজ করে জীবিকা নির্বাহ করে
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii
গ ii ও iii ঘ i, ii ও iii — ঘ

নিচের অনুচ্ছেদটি পড়ে ১৩৯-১৪০নং প্রশ্নের উত্তর দাও-
আবীর টিভিতে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ওপর একটি প্রামাণ্য চিত্র দেখছিল। সেখানে সে অস্ট্রালয়েড জনগোষ্ঠীভুক্ত লোকদের দ্বারা সংঘটিত একটি ঐতিহাসিক বিদ্রোহ সম্পর্কে ধারণা লাভ করল। /সি. বো. ২০১৩/

১৩৯. উদ্দীপকে কোন জনগোষ্ঠীর কথা বলা হয়েছে?
ক গারো খ মারমা
গ সাঁওতাল ঘ রাখাইন — গ

১৪০. উক্ত জনগোষ্ঠীর দৈহিক বৈশিষ্ট্য হলো—
ক দেহের রং হলুদে, উচ্চতা মাঝারি
খ দেহের রং কালো, উচ্চতা মাঝারি
গ দেহের রং কালো, চুল সোজা
ঘ দেহের রং ফর্সা, চুল ঈষৎ ঢেউ খেলানো — খ

নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৪১ ও ১৪২ নং প্রশ্নের উত্তর দাও:
গ্রীষ্মের ছুটিতে সুমিত তার মামার কর্মস্থল রংপুরে বেড়াতে যায়। সে একদিন মামির সাথে ওখানকার এক ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর দেখা পায়। /চ. বো '১৫/

১৪১. সুমিতের দেখা ক্ষুদ্র নৃ-গোষ্ঠীটির নাম কী?
ক রাখাইন খ সাঁওতাল
গ গারো ঘ মারমা — খ

১৪২. উদ্দীপকে উল্লিখিত নৃ-গোষ্ঠীর উল্লেখযোগ্য উৎসবের নাম কী?
ক দোন খ পানিখেলা
গ সোহরাই ঘ ঘিলাখারা — গ

## ★ পাঠ-৫ ও ৬ মারমা ও রাখাইন
| Text পৃষ্ঠা-৯৮ ও ৯৯

১৪৩. বাংলাদেশের পার্বত্য অঞ্চলের ক্ষুদ্র জাতিসত্তাগুলোর মধ্যে জনসংখ্যার দিক থেকে মারমাদের অবস্থান কত? (জ্ঞান)
ক প্রথম খ দ্বিতীয়
গ তৃতীয় ঘ চতুর্থ — খ

১৪৪. মারমা শব্দটি কোন শব্দ থেকে উদ্ভূত? (জ্ঞান)
ক মারমান খ মিয়ানমার
গ ম্রাইমা ঘ ম্রিমা — গ

১৪৫. পার্বত্য অঞ্চলে বোমাং সার্কেলে মারমা সমাজের প্রধান কে? (জ্ঞান)
ক বোমাং চীফ খ মারমা রাজা
গ ম্যাথেন চীফ ঘ ম্রাইমা চীফ — ক

১৪৬. মারমা সমাজের প্রধান হলেন— /সি. বো. '১৪/
ক নায়েক খ রাবুকা
গ বোমাং রাজা ঘ গমবং — গ

১৪৭. মারমারা গ্রামকে কী বলে অভিহিত করে? (জ্ঞান)
ক রোয়াজা খ রোয়া
গ থামি ঘ আঞ্জি — খ

১৪৮. মারমারা গ্রামের প্রধানকে কী বলে? ★ (জ্ঞান)
/আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা/
ক নায়েক খ পরানিক
গ গোড়েৎ ঘ রোয়াজা — ঘ

১৪৯. মারমারা তাদের গ্রামের প্রধানকে কী বলে? /স. বো. ২০১২; য. বো.; দি. বো. '১৪/
ক পঞ্চায়েত খ পরানিক
গ হেডম্যান ঘ রোয়াজা — ঘ

১৫০. মারমারা তাদের গ্রামের প্রধানকে কী বলে? /স. বো. ২০১২/
ক রোয়াজা খ হেডম্যান
গ বোমাং রাজা ঘ রোয়া — ক

১৫১. মারমাদের জীবিকার প্রধান উপায় কী? ★ (জ্ঞান)
/ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা/
ক কৃষি খ ব্যবসা
গ চাকরি ঘ পোশাক তৈরি — ক

১৫২. মারমাদের চাষাবাদের পদ্ধতিকে কী বলা হয়? (জ্ঞান)
ক ভামি খ জুম
গ রোপা ঘ লিফা — খ

১৫৩. 'চিৎমরম বৌদ্ধ বিহার' কোন নদীর তীরে অবস্থিত? (জ্ঞান)
ক সুরমা খ কর্ণফুলী
গ নাফ ঘ যমুনা — খ

১৫৪. 'গমবং' কী ধরনের জিনিস? ★ (অনুধাবন) /রাজশাহী গভ. ল্যাবরেটরী হাই স্কুল; যশোর জিলা স্কুল/
ক শাড়ি খ পাগড়ি
গ গামছা ঘ পাঞ্জাবী — খ

১৫৫. মারমা উপজাতিরা কোন ধর্ম অনুসরণ করে? (জ্ঞান)
ক খ্রিষ্টান খ মুসলমান
গ হিন্দু ঘ বৌদ্ধ — ঘ

১৫৬. কিয়াং কী? /চ. বো.; য. বো.; দি. বো. '১৪/
ক বৌদ্ধদের ধর্মচর্চা কেন্দ্র
খ গারোদের পোশাক
গ সাঁওতালদের জনপ্রিয় খাদ্য
ঘ মারমাদের পাগড়ি — ক

১৫৭. মারমারা বৌদ্ধ ভিক্ষুদের কী নামে আখ্যায়িত করে? ★ /ব. বো. '১৪; কুমিল্লা জিলা স্কুল/
ক ভান্তে খ কিয়াং
গ রোয়াজা ঘ চিৎমরম — ক

১৫৮. চিৎমরম কী? (জ্ঞান)
ক মন্দির খ মসজিদ
গ গির্জা ঘ বৌদ্ধবিহার — ঘ

teachingbd.com

১৫৯. মাথায় 'গমবং' পরে কোন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর পুরুষেরা? /দি. বো.; য. বো. '১৫/
ক গারো  খ মারমা
গ রাখাইন  ঘ সাঁওতাল  **খ**

১৬০. মারমারা পুরাতন বর্ষকে বিদায় ও নববর্ষ বরণ উপলক্ষে যে উৎসব পালন করে তার নাম কী? (জ্ঞান)
ক বিজু  খ সাংগ্রাই
গ বৈসাবি  ঘ কার্নিভাল  **খ**

১৬১. 'সাংগ্রাই' উৎসব পালন করা হয় কখন? /রা. বো. '১৫/
ক চৈত্র সংক্রান্তিতে  খ পৌষ পার্বণে
গ বিয়ের অনুষ্ঠানে  ঘ দীক্ষা লাভের অনুষ্ঠানে  **ক**

১৬২. মারমারা কোন ধর্মের অনুসারী? (জ্ঞান)
ক বৌদ্ধ  খ খ্রিষ্টান
গ জৈন  ঘ হিন্দু  **ক**

১৬৩. কাপড় বোনার কাজে কোন সমাজে নারীরা দক্ষ? /চ. বো. '১৫/
ক গারো  খ মারমা
গ রাখাইন  ঘ সাঁওতাল  **খ**

১৬৪. 'পানিখেলা' কাদের অনুষ্ঠান? (জ্ঞান)
ক সাঁওতালদের  খ মণিপুরিদের
গ গারোদের  ঘ মারমাদের  **ঘ**

১৬৫. মারমাদের 'পানিখেলা'- এ মেতে ওঠার পেছনে যথার্থ কারণ কোনটি? (উচ্চতর দক্ষতা)
ক সান্দ্রে উৎসব উদযাপন
খ সাংগ্রাই উৎসব উদযাপন
গ বসন্ত উৎসব উদযাপন
ঘ বৈশাখী পূর্ণিমা উদযাপন  **খ**

১৬৬. আজি কী? /সি. বো. '১৫/
ক পোশাক  খ উৎসব
গ খাদ্য  ঘ বাসা  **ক**

১৬৭. বান্দরবান ও রাঙামাটিতে কোন মাসের মাঝামাঝি সময়ে পানি খেলা উৎসব উদযাপিত হয়ে থাকে? (জ্ঞান)
ক মার্চ  খ এপ্রিল
গ মে  ঘ জুন  **খ**

১৬৮. রুমীদের বাড়ি বরগুনা জেলায় অবস্থিত। তাদের এলাকায় কোন ক্ষুদ্র নৃগোষ্ঠীর বসতি রয়েছে? (জ্ঞান)
ক ত্রিপুরা  খ মাহালি
গ খাসিয়া  ঘ রাখাইন  **ঘ**

১৬৯. রাখাইন শব্দটি কোন ভাষা থেকে এসেছে? (জ্ঞান)
ক আরবি  খ হিন্দি
গ পালি  ঘ ফারসি  **গ**

১৭০. বর্তমানে মায়ানমারের কোন অঞ্চলে রাখাইনদের আদিবাস? ★ (জ্ঞান) /নোয়াখালী জিলা স্কুল/
ক আরাকান  খ ত্রিপুরা
গ মিজোরাম  ঘ আসাম  **ক**

১৭১. রাখাইন শব্দের অর্থ কী? (জ্ঞান)
ক উন্নত জাতি  খ পিতৃতান্ত্রিক সমাজ
গ ঐতিহ্যবাহী জাতি  ঘ রক্ষণশীল জাতি  **ঘ**

১৭২. রাখাইনরা এক সময় কোন অঞ্চল থেকে এদেশে এসেছিল? (জ্ঞান)
ক মেঘালয়  খ পশ্চিমবঙ্গ
গ আরাকান  ঘ বিহার  **গ**

১৭৩. কেয়া তার বাবার সাথে কক্সবাজারে বেড়াতে যায়। সেখানে একটি মেয়ের সাথে পরিচয় হয়ে যায়। মেয়েটির পরনে লুঙ্গি। লুঙ্গির উপরে ব্লাউজ এবং তার মুখমণ্ডল গোলাকার, চুলগুলো সোজা। কেয়ার দেখা মেয়েটি কোন জনগোষ্ঠীর? /য. বো.; দি. বো. '১৪/
ক রাখাইন  খ চাকমা
গ মারমা  ঘ সাঁওতাল  **ক**

১৭৪. আফজালদের বাড়ি কক্সবাজারে। তাদের এলাকায় কোন ক্ষুদ্র জাতিগোষ্ঠীর বসতি রয়েছে? /ব. বো. '১৪/
ক চাকমা  খ মারমা
গ গারো  ঘ রাখাইন  **ঘ**

১৭৫. রাখাইনদের পরিবার প্রধানত কেমন? (জ্ঞান)
ক পিতৃসূত্রীয়  খ মাতৃসূত্রীয়
গ বহুপতি  ঘ বহুপত্নিক  **ক**

১৭৬. রাখাইনদের অর্থনৈতিক জীবন প্রধানত কীসের ওপর নির্ভরশীল? (জ্ঞান)
ক কৃষি  খ ব্যবসা
গ চাকরি  ঘ শিল্প  **ক**

১৭৭. রাখি বাংলাদেশের পটুয়াখালী জেলার একজন রাখাইন বাসিন্দা। রাখি কোন জনগোষ্ঠীর লোক? (প্রয়োগ)
ক ককেশীয়  খ পশতুন
গ অস্ট্রালয়েড  ঘ মঙ্গোলিয়  **ঘ**

১৭৮. রাখাইনদের প্রধান উৎসব কী? ★ (জ্ঞান) /আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল/
ক বড়দিন  খ বৈশাখী পূর্ণিমা
গ বিজু  ঘ ঈদ  **খ**

১৭৯. রাখাইনদের বৃহৎ ও সর্বজনীন উৎসব কোনটি? ★ (জ্ঞান) /আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা/
ক বসন্ত উৎসব  খ সান্দ্রে উৎসব
গ সাংগ্রাই  ঘ বৈশাখী পূর্ণিমা  **খ**

১৮০. সাংগ্রাই উৎসব কখন উদ্‌যাপিত হয়? ★ (জ্ঞান) /আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা/
ক জানুয়ারি মাসে  খ ফেব্রুয়ারি মাসে
গ মার্চ মাসে  ঘ এপ্রিল মাসে  **ঘ**

১৮১. কোনটি রাখাইনদের ঐতিহ্যের প্রতীক? ★ (অনুধাবন) /গভঃ ল্যাবরেটরি হাই স্কুল, ঢাকা/
ক ফতুয়া  খ লুঙ্গি
গ পাগড়ি  ঘ বসন্ত উৎসব  **গ**

১৮২. নিচের কোন নৃ-গোষ্ঠী ধর্মীয় ও লোকজ অনুষ্ঠানে মাথায় পাগড়ি পড়ে? /চ. বো. '১৫/
ক সাঁওতাল  খ গারো
গ মারমা  ঘ রাখাইন  **ঘ**

১৮৩. কোন উপজাতির দেহের রং ফর্সা ও চুল সোজা? (জ্ঞান)
ক মারমা  খ চাকমা
গ রাখাইন  ঘ গারো  **গ**

১৮৪. মারমা জনগোষ্ঠীর অধিকাংশই বাস করে— (অনুধাবন)
i. বান্দরবান জেলায় ii. খাগড়াছড়ি জেলায়
iii. সিলেট জেলায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii  **ক**

১৮৫. মারমা নৃ-গোষ্ঠীর বৈশিষ্ট্য হচ্ছে— /অনু-২/
i. নদীতীরবর্তী সমতল স্থানে বসতি স্থাপন
ii. মাতৃপ্রধান পরিবার iii. হস্তশিল্পে পারদর্শিতা
নিচের কোনটি সঠিক
ক i  খ i ও ii
গ ii ও iii  ঘ i, ii ও iii  **ঘ**

১৮৬. মারমা মহিলাদের পরিধেয় পোশাক হচ্ছে— (অনুধাবন)
i. গমবং  ii. থামি
iii. আঞ্জি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii  **গ**

http://teachingbd.com

১৮৭. মারমারা বুদ্ধের পূজা করে— (অনুধাবন)
i. মাঘী পূর্ণিমায় ii. বৈশাখী পূর্ণিমায়
iii. আশ্বিনী পূর্ণিমায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

১৮৮. বাংলাদেশের রাখাইনদের বসবাস হলো— ★ (অনুধাবন) *[ডা. খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম]*
i. পটুয়াখালী ii. বরগুনা
iii. কক্সবাজার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

১৮৯. রাখাইনদের ধর্মীয় উৎসব হলো— (অনুধাবন)
i. বৈশাখী পূর্ণিমা ii. বসন্ত উৎসব
iii. দুর্গা পূজা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

১৯০. রাখাইন পুরুষেরা পরে— ★ (অনুধাবন) *[বরিশাল জিলা স্কুল]*
i. ধুতি ii. ফতুয়া
iii. লুঙ্গি
নিচের কোনটি সঠিক?
ক i ও iii খ ii ও iii
গ i ও ii ঘ i, ii ও iii **খ**

১৯১. রাখাইন জনগোষ্ঠীর বৈশিষ্ট্য হচ্ছে— ★ (অনুধাবন) *[ঠাকুরগাঁও সরকারি বালক উচ্চ বিদ্যালয়]*
i. সান্দ্রে উৎসব বৃহৎ আনন্দ উৎসব
ii. সমুদ্র উপকূলের সমতল ভূমিতে বসবাস
iii. পটুয়াখালী, বরগুনা জেলায় বাস করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

১৯২. রাখাইন মেয়েদের পরিধেয় বস্ত্র হচ্ছে— (অনুধাবন)
i. ফতুয়া ii. লুঙ্গি
iii. ব্লাউজ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **গ**

১৯৩. বৌদ্ধ ভিক্ষুদের কাছে ধর্মীয় শিষ্টাচারে দীক্ষিত করা হয়— (অনুধাবন)
i. রাখাইন বৃদ্ধদের ii. রাখাইন কিশোরদের
iii. রাখাইন শিশুদের
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

**দৃশ্যকল্প অবলম্বনে ১৯৪ ও ১৯৫ নং প্রশ্নের উত্তর দাও:**
মেঘা কক্সবাজার জেলার সমতল ভূমিতে মাঁচা পেতে ঘর তৈরি করে বসবাস করে। মেঘাদের ঘর টিনের তৈরি ও তালপাতার ছাউনি। *[চা. বো. '১৪]*

১৯৪. উদ্দীপকে কোন জনগোষ্ঠীর কথা বলা হয়েছে?
ক চাকমা খ মারমা
গ রাখাইন ঘ সাঁওতাল **গ**

১৯৫. উক্ত জনগোষ্ঠী সম্পর্কে বলা যায়—
i. নিজেরা তাঁত দিয়ে পোশাক তৈরি করে
ii. মঙ্গোলীয় জনগোষ্ঠীর লোক
iii. রক্ষণশীল জাত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i ,ii ও iii **ঘ**

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৯৬ ও ১৯৭ নং প্রশ্নের উত্তর দাও :**
ক্ষুদ্র নৃগোষ্ঠীর হাস্যময়ী মেয়ে সুস্মিতা। তার সম্প্রদায়ের জনসমষ্টি বরগুনা, পটুয়াখালী এবং কক্সবাজারে বসবাস করে। তারা মঙ্গোলিয়ান জনগোষ্ঠীর লোক। *[চ. বো. '১৪]*

১৯৬. উদ্দীপকে উল্লিখিত সুস্মিতা কোন জনগোষ্ঠীর অন্তর্গত?
ক রাখাইন খ সাঁওতাল
গ মারমা ঘ চাকমা **ক**


১৯৭. উক্ত জনগোষ্ঠীর সাংস্কৃতিক জীবন ব্যবস্থা হলো—
i. চৈত্র-সংক্রান্তিতে সান্দ্রে উৎসব পালন
ii. মেয়ে ও পুরুষ উভয়ের বুকে ও বাহুতে উল্কি চিহ্ন ব্যবহারকরণ
iii. গৌতম বুদ্ধের জন্ম-বার্ষিকী পালন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i ,ii ও iii **গ**

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৯৮ ও ১৯৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
বার্ষিক পরীক্ষা শেষে সুমাইয়া বাবা-মায়ের সঙ্গে কক্সবাজার বেড়াতে গিয়েছে। এখানে বেড়াতে বের হয়ে সে দেখতে পেল এক বিশেষ জনগোষ্ঠীর মানুষ মাচা পেতে ঘর তৈরি করে বাস করছে। তাদের মুখের আকৃতি গোল, দেহের রং ফরসা। *[অনু-৩ ও ৪]*

১৯৮. সুমাইয়ার দেখা জনগোষ্ঠীর নাম কী?
ক চাকমা খ মারমা
গ সাঁওতাল ঘ রাখাইন **ঘ**

১৯৯. সুমাইয়ার দেখা জনগোষ্ঠীর সাংস্কৃতিক বৈশিষ্ট্য হচ্ছে—
i. পরিবারের প্রধান হলেন বাবা
ii. প্রধান জীবিকা কৃষি
iii. ঘরবাড়ি বাঁশ ও ছনের তৈরি
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii
গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২০০ ও ২০১ নং প্রশ্নের উত্তর দাও:**




*[দি. বো. '১৫; য. বো. '১৫]*

২০০. '?' চিহ্নিত স্থানে কোন ক্ষুদ্র নৃগোষ্ঠীকে নির্দেশ করছে?
ক চাকমা খ মারমা
গ গারো ঘ রাখাইন **ঘ**

২০১. উক্ত নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক জীবনের বৈশিষ্ট্য হচ্ছে—
i. সাংগ্রাই উৎসব ii. গোলপাতার ছাউনি
iii. বসন্ত উৎসব
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii
গ i ও iii ঘ i, ii ও iii **ক**

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ২০২ ও ২০৩ নং প্রশ্নের উত্তর দাও:**
অষ্টম শ্রেণির ছাত্র কাব্য বান্দরবান জেলায় বেড়াতে গিয়ে একটি বিশেষ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর পানিখেলা উৎসব উপভোগ করে। *[রা. বো. '১৪]*

২০২. এই উৎসবটি কোন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অনুষ্ঠান?
ক চাকমা খ মারমা
গ সাঁওতাল ঘ গারো **খ**

২০৩. উক্ত উৎসবটি কী নামে পরিচিত?
ক সান্দ্রে খ বিজু
গ সাংগ্রাই ঘ ওয়ানগালা **গ**

Teachingbd.com